## পাঠ ১৪: বাপ্তিস্ম

যুবক হামিদ হতাশ হয়ে গেছে। গত বছর সে তার জীবন ঈসা মসীহ্‌কে দিয়েছে। সে তার নতুন ঈমানে শক্তিশালী হয়ে উঠছে। সম্প্রতি আরেকজন ঈমানদার তাকে বললেন, “আপনার শীঘ্রই বাপ্তিস্ম নেয়া উচিত।” এটি হামিদের মনে অনেক প্রশ্ন তুলতে শুরু করল:




চলুন আজকের পাঠে হামিদের সব কটি প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করা যাক।

**বাপ্তিস্ম কী?**

১। বাপ্তিস্ম নেয়ার আক্ষরিক অর্থ হলো একজনকে পানির নিচে ডুব দেয়ানো। সুখবরে আমরা পড়ি কীভাবে হজরত ইয়াহিয়া জর্ডান নদীতে লোকদের বাপ্তিস্ম দিয়েছিলেন। আজকালকার দিনে ঈসার উম্মতেরা নদীতে অথবা চৌবাচ্চায় বাপ্তিস্ম নিতে পারে। কয়েক মুহূর্তের জন্য সঠিকভাবে পানির নিচে যাওয়া। বাপ্তিস্মের বিকল্প পদ্ধতিগুলো হলো ঈমানদারদের উপর পানি ঢেলে দিয়ে অথবা পানি ছিটিয়ে দিয়ে বাপ্তিস্ম দেওয়া।
জীবনে মাত্র একবার এই অনুষ্ঠানের মধ্য দিয়ে যাই। আমাদের জীবনে বার বার এই অনুষ্ঠানের মধ্য দিয়ে যেতে হয় না। তাহলে এই অনুষ্ঠানটির নাম কী? ---------------------------

**কেন আমার বাপ্তিস্ম নেওয়া উচিত?**

২। প্রভু ঈসা আমাদের বাপ্তিস্ম নেয়ার হুকুম করেছেন সেই জন্য আমরা বাপ্তিস্ম নিই। তিনি বলেছেন;


> “এই জন্য তোমরা গিয়ে সমস্ত জাতির লোকদের আমার উম্মত কর। পিতা, পুত্র ও পাকরুহের নামে বাপ্তিস্ম (তরিকাবন্দি) দাও।” মথি ২৮:১৯

এটি একটি গুরুত্বপূর্ণ আয়াত। দয়া করে এটি এখন মুখস্থ করুন।

৩। মসীহ্‌র আদেশের বাধ্য হয়ে, প্রেরিত পিতর জেরুশালেমের বিরাট জনতাকে বলেছিলেন, “গুনাহের জন্য তওবা কর, বাপ্তিস্ম নাও।” সেই দিন তিন হাজার লোক তাঁর শিক্ষা গ্রহণ করল এবং বাপ্তিস্ম নিল।
আমার জন্য বাপ্তিস্ম নেয়া ভালো কারণ কী? *(একটি মাত্র টিক ✓ চিহ্ন দিন)*

---- ক) কারণ আমি বাপ্তিস্ম নিতে চাই
---- খ) কারণ আমার ঈমানদার বন্ধুরা চায় যেন আমি বাপ্তিস্ম নিই
---- গ) কারণ আমার প্রভু ঈসা হুকুম করেছেন যেন আমি বাপ্তিস্ম নিই

**বাপ্তিস্মের গুরুত্ব কী?**




***ক) আমি একজন নতুন মানুষ***

৪। আপনি যদি অনেক সময়ের জন্য পানির নিচে ডুব দিয়ে থাকেন তাহলে মরেই যাবেন, তাই নয় কি? চিন্তা করবেন না, বাপ্তিস্মের প্রক্রিয়াটি খুবই অল্পসময়ের জন্য, কয়েক সেকেন্ড মাত্র লোকেরা পানির নিচে যায় এবং এটি ভয়ঙ্কর কিছু নয়। এটি একটি অর্থপূর্ণ নিদর্শন যে, আমরা যখন মসীহ্‌র দিকে মন ফেরাই তখন আমাদের জীবনে কী ঘটে। এটি আমাদের পুরাতন গুনাহ্‌র স্বভাব পানির নিচে রেখে আসার মতো একটি প্রতীক বা চিহ্নস্বরূপ যেন আমরা ঈসা মসীহ্‌র নতুন জীবন নিয়ে ভেসে উঠতে পারি।

সঠিক অর্থ কাজের সঙ্গে মিল রেখে লাইন টেনে যুক্ত করুন

| *কাজ* | *অর্থ* |
|---|---|
| ক) পানির নিচে যাওয়া | ১) মসীহ্‌তে নতুন মানুষ হিসেবে জেগে উঠা |
| খ) পানির নিচ থেকে উঠে আসা | ২) পুরাতন 'আমি'কে কবর দেয়া |


৫। সুতরাং বাপ্তিস্ম হচ্ছে একটি চিহ্ন যে আমি পুরাতন স্বভাবকে কবরস্থ করলাম এবং আমি এখন মসীহ্‌তে একজন নতুন মানুষ। আল্লাহ্‌র কালাম বলে,

> "আর সেইজন্য সেই তরিকাবন্দী (বাপ্তিস্ম) দ্বারা মসীহের সঙ্গে মরে আমাদের দাফন করাও হয়েছে, যেন পিতা তাঁর মহাশক্তি দ্বারা যেমন মসীহ্‌কে মৃত্যু থেকে জীবিত করেছিলেন তেমনি আমরাও যেন নতুন জীবনের পথে চলতে পারি।"
> রোমীয় ৬:৪

আমার জন্য বাপ্তিস্ম বা তরিকাবন্দির তাৎপর্য কী? *(সঠিক উত্তরে গোল দাগ দিন)*

[আমি মসীহ্‌তে একজন নতুন মানুষ/ আমি এখনও আমার পুরাতন গুনাহ্ স্বভাবে অবস্থান করছি]

৬। বাপ্তিস্মের তাৎপর্য সহজে বোঝা যায়, যদি মাঝে মাঝে এইভাবে বাপ্তিস্ম দেওয়া হয়। লোকেরা তাদের নোংরা কাপড়-চোপড় নদীর কিনারায় খুলে রাখে এবং বাপ্তিস্ম নেয়ার জন্য পানিতে নামে। আর তারপর, তারা নদী থেকে অন্য পারে উঠে আসে, সেখানে নতুন জামা-কাপড় পরে এবং একদল তাদের স্বাগত জানায়।



- ***মনে করুন আপনি ছবির লোকগুলোর মধ্যে একজন। যখন আপনি পানি থেকে উঠে আসবেন তখন আপনার কেমন অনুভূতি হতে পারে? আপনার আবেগ তখন কেমন হবে?***

৭। আফ্রিকার অধিবাসী, ফিরোজ আপনার মতো একই, আগের ধর্ম থেকে ঈসা মসীহ্‌কে গ্রহণ করেছেন। বাপ্তিস্ম নেয়ার পর, তার অনুভূতি তিনি এখানে তার নিজ ভাষায় প্রকাশ করেছেন:

> "আপনি আপনার পুরাতন গুনাহ্ স্বভাবের কাছে মারা গিয়েছেন। আপনি নিজেকে আল্লাহ্‌র কাছে সঁপে দিয়েছেন। এখন আপনি একজন নতুন ব্যক্তি। আপনি এখন আর সেই ফিরোজ নন, যা আপনার বন্ধুরা জানে। শয়তান যেমনটি জানতো এখন আর আপনি সেরকম নন, বরং একজন নতুন ফিরোজ যার গুনাহ মাফ করা হয়েছে, নতুন জন্ম হয়েছে এবং পাকরুহের দ্বারা নিয়ন্ত্রিত। পুরাতন ফিরোজের মৃত্যু হয়েছে এবং নতুন ফিরোজ ঈসা মসীহ্‌তে জীবিত আছে। আপনি নতুন অনুভূতি নিয়ে পানি থেকে উঠে আসা এখন সম্পূর্ণ একজন নতুন মানুষ!"

উপরের বাক্সে ফিরোজ কতবার 'নতুন ব্যক্তি' এই বাক্যাংশটি ব্যবহার করেছেন? সেগুলোর নিচে দাগ দিন। ---------

৮। আমার জন্য বাপ্তিস্মের প্রথম তাৎপর্যটি কী? আমি একজন ---------------- ব্যক্তি।

### *খ) আমার গুনাহ্ ধৌত হয়েছে*



৯। প্রেরিত ২২:১৬ আমাদের বাপ্তিস্মের দ্বিতীয় তাৎপর্য সম্পর্কে বলে *"এখন তুমি কেন দেরি করছ? উঠে তরিকাবন্দী নাও এবং নাজাত পাবার জন্য ঈসাকে ডেকে তোমার সব গুনাহ্ ধুয়ে ফেল।"*
এই আয়াতে আমার জন্য বাপ্তিস্মের (তরিকাবন্দি) কী তাৎপর্য আছে?

---- ক) আমি একজন নতুন মানুষ ।
---- খ) আমার গুনাহ্ ধোয়া হয়েছে।

১০। আমরা আমাদের অভিজ্ঞতায় যদিও জানি, ওজু করা বা গোসল করা আমাদের গুনাহ্ ধুয়ে দেওয়ার জন্য যথেষ্ট নয়। পানি কেবল আমাদের দেহের বাইরের দিকটাই ধুয়ে পরিষ্কার করতে পারে, কিন্তু পানি আমাদের অন্তর এবং চিন্তা চেতনা বা হুশকে ধুয়ে পরিষ্কার করতে পারে না।
বাপ্তিস্ম হচ্ছে আমাদের অন্তর ও চিন্তা চেতনার পরিশুদ্ধির একটি শক্তিশালী বাইরের চিহ্ন যা মসীহ্ আমাদের অন্তরে করে থাকেন। এই কাজটি সম্ভব করার জন্য তিনি ক্রুশে মারা গিয়েছেন। *"ঈসার রক্ত আমাদের সমস্ত গুনাহ্ থেকে পাক-সাফ করে।"* (১ ইউহোন্না ১:৭)
যখন মসীহ্ আমাদের জীবনে আসেন, তিনি কি *(একটি টিক ✓ চিহ্ন দিন)*

---- ক) আমাদের দেহের সমস্ত ময়লা ধুয়ে ফেলেন?
---- খ) আমাদের অন্তর ও মনের গুনাহ্ ধুয়ে ফেলেন?

১১। প্রেরিত পিতর যিনি তাঁর জীবনকালে বহু লোককে বাপ্তিস্ম দিয়েছেন। তিনি তাঁর চিঠিতে বাপ্তিস্ম সম্পর্কেও লিখেছেন। পড়ুন ১ পিতর ৩:১৮-২২ কিতাবের এই অংশ ব্যাখ্যা করা সহজ ব্যাপার নয়। মূল বিষয়গুলো হলো:

- ঈসার মৃত্যু (১৮ আয়াত) ও তাঁর মৃত্যু থেকে জীবিত হওয়ার (২১ আয়াত) মধ্য দিয়ে আমরা নাজাত পাই।
- হজরত নুহের কাছে পানি যেমন রক্ষা বা নাজাতের চিহ্ন ছিল (২০ আয়াত), তেমনি আমাদের কাছেও পানি এই নাজাতের চিহ্ন (২১ আয়াত)।

কোন্ অনুষ্ঠান আমাকে মনে করিয়ে দেয় যে, আমার গুনাহ্ ধোয়া হয়েছে? *(একটি টিক ✓ চিহ্ন দিন)*

---- ক) আমার বাপ্তিস্ম ---- খ) আমার বিয়ে ---- গ) আমার দাফন

### *গ) আমি ঈসায়ী সমাজে যোগ দিয়েছি*



১২। বাপ্তিস্ম নেওয়ার মাধ্যমে আমরা খোলাখুলি বা প্রকাশ্যভাবে ঈসায়ী সমাজে যোগ দিয়েছি। দুনিয়াব্যাপী তার পরিবারের ঈমানদারদের সঙ্গে যোগ দিয়েছি। বিভিন্ন জাতি থেকে আমরা মহিলা এবং পুরুষেরা মিলিত হয়েছি কিন্তু সকলেই মসীহ্‌র ঐক্যে এসেছি, *"সকলেরই একই পাকরুহের দ্বারা একই শরীরের মধ্যে বাপ্তিস্ম (তরিকাবন্দি) হয়েছে"* (১ করিন্থীয় ১২:১৩)। দুনিয়ার সকল দেশেই কোন্ অনুষ্ঠানটি বা উৎসবটি ঈসায়ী সমাজে যোগ দেওয়ার নিদর্শন বহন করে? ----------------------------

১৩। বাপ্তিস্ম আপনার জন্য গোপনীয় কিছু ব্যাপার নয়, কিন্তু এতে সমাজের সকল ঈমানদার ভাই-বোন জড়িত থাকেন। তারা আপনার বাপ্তিস্মের উৎসবের সাক্ষ্য বহন করেন, বাপ্তিস্মের পর তারা আপনাকে এই রকম কথা বলে দাওয়াত জানাতে পারেন।

> "মাবুদের পরিবারে আমরা আপনাকে স্বাগত জানাই। মসীহ্‌র দেহের অঙ্গপ্রত্যঙ্গ হিসেবে আমরা একসঙ্গে তাঁরই সদস্য সদস্যা। আমরা একত্রে সকলেই বেহেস্তি পিতার ছেলে-মেয়ে। আল্লাহ্‌র রাজ্যে আমরা সকলেই একসঙ্গে তার অংশীদার। আমরা আপনাকে স্বাগত জানাই।"

➢ *আমরা কত সৌভাগ্যবান ব্যক্তি যে, "আল্লাহ্‌র বাছাই-করা লোক" হিসেবে আমরা স্বাগতম পেয়েছি! এখানে থামুন এবং আল্লাহ্‌কে শুকরিয়া জানান যে মসীহ্‌তে আপনার ভাই–বোনদের জন্য যারা আপনার পাশে আছেন।*

১৪। বাপ্তিস্ম; আপনার জীবনের অর্থবহন করে এমন বিষয় কী কী? *(শূন্যস্থান পূর্ণ করুন)*
ক) আমি একজন ---------------------- ব্যক্তি।
খ) আমার ---------------------- ধোয়া হয়েছে।
গ) ঈসায়ী সমাজে আমি ---------------------- দিয়েছি।

**বাপ্তিস্ম কি আমার জন্য খুবই দরকারি?**

১৫। একদিক থেকে বাপ্তিস্ম আমার জন্য খুব দরকারি নয়, কারণ আমরা মসীহ্‌র উপর ঈমানের দ্বারা নাজাত পাই, পানির দ্বারা নাজাত পাই না। তথাপি মসীহ্‌র হুকুম হলো বাপ্তিস্ম দাও। যেহেতু আমরা গুনাহ্ করেছি, সেহেতু এটি একটি গুরুত্বপূর্ণ চিহ্ন যে আমি মসীহ্‌র হয়েছি এবং তাঁর মণ্ডলীর মধ্যে আছি। তাই আপনার উচিত উপযুক্ত সময়ে বাপ্তিস্ম নেওয়া।

ক) আপনার আঙুলের দিকে তাকান। যদি আপনি বিবাহিত ব্যক্তি হন, তবে সম্ভবত আপনি বিয়ের আংটি পরে আছেন। এটি কী অর্থ বহন করে? ----------------------------------------------------------------------------------------------------

খ) বিবাহিত জীবনে বিয়ের আংটি পরে থাকা কি খুবই দরকারি? -------------------------------------------------------------------

গ) যদিও বিবাহিত জীবনে বিয়ের আংটি পরে থাকা খুবই দরকারি নয়, তথাপি এটি একটি গুরুত্বপূর্ণ চিহ্ন যে, আপনি কার সঙ্গে প্রতিজ্ঞাবদ্ধ? ---------------------------------------------------------------


১৬। যখন একজন মহিলা বিয়ে করেন তখন তিনি তার স্বামীর প্রতি প্রতিজ্ঞাবদ্ধ এবং চিহ্নস্বরূপ একটি বিয়ের আংটি পরে থাকেন। সকলেই জানেন যে, সে তার স্বামীর অধীনে। সেই মহিলা গর্বিত যে, সে তার স্বামীর অধীনে। একইভাবে আমাদের বাপ্তিস্মও একটি চিহ্ন যে এখন আমরা কার অধীনে? ----------------------------------------

১৭। ৭ নম্বর প্রশ্নে আমরা দেখতে পাই ফিরোজ তার বাপ্তিস্ম সম্বন্ধে কতটুকু উচ্ছ্বসিত। তিনি আরও বলেন:

> এটি একটি বিয়ের দিনের মতো, যখন মহিলা এবং পুরুষ একে অপরকে দেখে এবং বর 'বলে এই সকল অনুষ্ঠানই তোমাকে ও আমাকে একটি শিকলে আবদ্ধ করেছে। অন্য কেউ যদি এই পুরুষ বা মহিলাকে বিয়ে করার আশা করে থাকে তবে চিরদিনের জন্য তা ভুলে যেতে হয়! পুরাতন স্বভাবে আপনার স্বামী ছিল শয়তান। কিন্তু বাপ্তিস্ম হলো একটি বিয়ের উৎসবের মতো যখন আপনি একজন নতুন স্বামী মসীহ্‌র সঙ্গে বিয়ে করেছেন। হতে পারে আপনার পুরাতন স্বামী শয়তান আপনাকে ফিরিয়ে নিয়ে যেতে আসবে। কিন্তু আপনি সেই পুরাতন স্বামীকে অবজ্ঞা করবেন, ঘৃণা করবেন। আপনি এখন কেনা হয়েছেন। এখন আপনি সম্পূর্ণ নতুন।

*সঠিক উত্তরে গোল দাগ দিন:*

ক) আপনার নাজাতের জন্য বাপ্তিস্ম কি খুবই দরকারি? [ হ্যাঁ/ না ]
খ) তথাপি বাপ্তিস্ম কি গুরুত্বপূর্ণ চিহ্ন যে আপনি মসীহ্‌র হয়েছেন? [ হ্যাঁ/ না ]




**কখন আমার বাপ্তিস্ম নেওয়া উচিত?**

১৮। কোনো কোনো ঈমানদার আপনাকে পরামর্শ দিবে যত শীঘ্র আপনি মসীহ্‌কে গ্রহণ করবেন তত শীঘ্রই আপনার বাপ্তিস্ম নেওয়া দরকার। অন্যেরা বলে আপনার ঈমান শক্ত না হওয়া পর্যন্ত আপনার অপেক্ষা করা ভালো। তাদের উপদেশ মন দিয়ে শুনুন কিন্তু আল্লাহ্‌র রুহ কি বলছেন তাও মন দিয়ে শুনুন। এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে আল্লাহ্‌ও আপনাকে নির্দেশনা দিবেন। যখন উপযুক্ত সময় হবে তখন আপনি অন্তরে তা অনুভব করতে পারবেন।

আপনি যদি প্রস্তুত না থাকেন, তবে মানুষের চাপে বাপ্তিস্ম নিতে যাবেন না। কিন্তু আল্লাহ্ যদি বলেন যে, এখনই উপযুক্ত সময়, তবে আর দেরি করবেন না।

নিচের কোন্ কাজটি ভালো? *(দুটি টিক ✓ চিহ্ন দিন)*
----- ক) জ্ঞানী ঈমানদার যিনি আপনার যত্ন করেন তার উপদেশ মন দিয়ে শুনুন।
----- খ) যেহেতু আপনি পরিবেশ পরিস্থিতিকে ভয় পান তাই বাপ্তিস্ম নেওয়া এড়িয়ে যান।
----- গ) মনে করেন বাপ্তিস্ম নেওয়া তত গুরুত্বপূর্ণ নয়।
----- ঘ) যখন আপনি অনুভব করছেন আল্লাহ্ আপনাকে বাপ্তিস্ম নিতে বলছেন তখনই বাপ্তিস্ম নিন।

১৯। অভিজ্ঞ ঈমানদারেরা আপনাকে সাহায্য করবেন এবং বাপ্তিস্ম সম্পর্কে ভালো পরামর্শ দিবেন। কিন্তু সাবধান, কিছু ঈমানদার আছেন যারা বাপ্তিস্ম অনুষ্ঠানের আয়োজন সম্বন্ধে অনভিজ্ঞ এবং কিছু মণ্ডলীর নেতা আছেন যারা নিজের সুনাম বাড়ানোর জন্য বাপ্তিস্ম দেওয়ার সুযোগ গ্রহণ করেন। তাই এমন একজনের উপর ভরসা রাখুন যিনি আপনার বাপ্তিস্ম দেয়ার সুব্যবস্থা করতে পারেন।
আপনার বাপ্তিস্ম বিষয়ে কে সুপরামর্শ দিতে পারেন, সেটা যদি আপনি জানেন, তবে এই বাক্সে ☐ টিক ✓চিহ্ন দিন।

২০। আমরা অর্থাৎ ঈমানদারদের কাছে বাপ্তিস্ম মানে কী, সে বিষয়ে আমরা আগেই ভেবে দেখেছি। আত্মীয়-স্বজনের কাছে এর তাৎপর্য কী? তাদের কাছে, এই বাপ্তিস্ম হচ্ছে, আমরা তাদের কষ্টে ও লজ্জায় ফেলে প্রকাশ্যে তাদের কাছ থেকে নিজেদের বিচ্ছিন্ন করার একটি চিহ্ন।
তাহলে আমাদের কীভাবে বাপ্তিস্ম নেওয়া উচিত? *(একটি টিক ✓ চিহ্ন দিন)*


---- ক) আমাদের নিরাপত্তার ব্যাপারে উদ্বিগ্ন হয়ে, ভয়সহকারে।
---- খ) আমাদের পরিবারের প্রতি মহব্বতের মনোভাবে, সতর্কতার সঙ্গে।

২১। আমাদের অঈমানদার আত্মীয়-স্বজন থাকার কারণে এবং স্থানীয় ঈমানদারগণ থাকার জন্য এবং তাদের মধ্যে যিনি বাপ্তিস্ম দেন তিনি থাকার কারণে পূর্বসতর্ক থাকা বুদ্ধিমানের কাজ। কী ধরনের সতর্কতা আমরা নিতে পারি যাতে করে আমাদের বাপ্তিস্ম নেওয়ার খবর আমাদের আত্মীয়-স্বজনদের কষ্টের কারণ হতে না পারে। *(আপনার ধারণাগুলো লিখে রাখুন এবং আলোচনার জন্য প্রস্তুত থাকুন)*

------------------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------------------

২২। একজন স্বামীকে আপনি কী পরামর্শ দিবেন যার স্ত্রী এখনও মসীহ্‌র অনুসারী হননি? সেই স্বামীর কি এখন বাপ্তিস্ম নেওয়া উচিত অথবা তার অপেক্ষা করা উচিত যেন দুজনেই একসঙ্গে বাপ্তিস্ম নিতে পারেন এই প্রত্যাশায় যে তার স্ত্রীও কোনো এক সময় ঈমানদার হবে? (আপনার ধারণাগুলো লিখে রাখুন এবং আলোচনার জন্য প্রস্তুত থাকুন)
যদি এমন হয় স্ত্রী ঈমানদার কিন্তু স্বামী ঈমানদার নন। আপনি কি সেই মহিলাকে একই রকম উপদেশ দিবেন? যেন স্বামী ঈমানদার না হওয়া পর্যন্ত অপেক্ষা করে এবং দুজনে একসঙ্গে বাপ্তিস্ম নেয়?




**পাঠ ১৪ ব্যবহারিক কাজ**


আপনি যদি এখনও বাপ্তিস্ম না নিয়ে থাকেন, তাহলে প্রশ্ন নম্বর ১৯ অনুযায়ী একজন ব্যক্তির সঙ্গে কথা বলতে যান। তাদের উপদেশ নিন কখন এবং কীভাবে আপনার বাপ্তিস্ম নেওয়া উচিত এবং মাবুদের কাছেও এই পরামর্শের জন্য মুনাজাত করুন।

## পাঠ ১৪ পুনরালোচনা

১। মুখস্থ আয়াতটি লিখুন: এই জন্য তোমরা গিয়ে সমস্ত জাতির লোকদের -------------------------------------------------------
------------------------------------------------------------------------------------------ মথি -----------:-----------

২। আমরা শিখেছি যে আমাদের বাপ্তিস্ম তিনটি বিষয়ের প্রতীক, সেই চিহ্নগুলো কী কী?
ক) আমি একজন নতুন ------------------------------
খ) আমার ------------------------------ ধৌত ------------------------------ হয়েছে
গ) আমি ------------------------------ সমাজে যোগ দিয়েছি।

৩। ৬ নম্বর প্রশ্নে যে ছবিটি আপনি দেখেছেন এখানেও সেই একই ছবি:



ক) এই ছবিতে কোন্ কাজটি আমাদের পুরাতন জীবনের 'মৃত্যুর' মতো?
-------------------------------------------------------

খ) কোন্ কাজটি মসীহ্‌র মাধ্যমে মৃত্যু থেকে 'নতুন জীবনে ওঠার' মতো?
-------------------------------------------------------

৪। বাপ্তিস্ম নেওয়া কতটুকু গুরুত্বপূর্ণ বিষয়? (১৫–১৭ নম্বর প্রশ্ন আলোচনা করুন এবং সঠিক উত্তরের বক্সের ভিতরে টিক ✓ চিহ্ন দিন) নাজাতের জন্য বাপ্তিস্ম □ খুবই গুরুত্বপূর্ণ □ গুরুত্বপূর্ণ নয়।

**পাঠ ১৪ উত্তরমালা**

১।	বাপ্তিস্ম
২।	আয়াত মুখস্থ করুন
৩।	গ)
৪।	ক) ২  খ) ১
৫।	মসীহ্‌তে আমি একজন নতুন ব্যক্তি
৬।	আপনার ব্যক্তিগত উত্তর
৭।	২
৮।	নতুন
৯।	খ)
১০।	খ)
১১।	ক)
১২।	বাপ্তিস্ম
১৩।	থামুন এবং আল্লাহ্‌কে শুকরিয়া জানান
১৪।	ক) নতুন খ) গুনাহ্‌ গ) যোগ
১৫।	ক) বুঝায় যে আপনি ইতোমধ্যে বিয়ে করেছেন
খ) না, আংটি ছাড়া আপনি এখনও বিবাহিত হতে পারেন।
গ) আপনার স্বামী বা স্ত্রী
১৬।	ঈসা মসীহ্‌র
১৭।	ক) না খ) হ্যাঁ
১৮।	ক) এবং ঘ) ভালো
১৯।	বাক্সে টিক ✓ চিহ্ন দিন, যদি আপনার জানা থাকে এমন ব্যক্তি যে আপনাকে পরামর্শ দিতে পারেন।
২০।	খ)
২১।	আলোচনার জন্য
২২।	আলোচনার জন্য